আলমডাঙ্গা পৌরসভার সার্ভেয়ার মোর্শেদুর নাহার নিশির সংবাদ সম্মেলন

আলমডাঙ্গা পৌরসভার সার্ভেয়ার মোর্শেদুর নাহার নিশির বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ ভিত্তিহীন দাবি করে সাংবাদিক সম্মেলন করেছেন।

আজ বুধবার সন্ধ্যায় আলমডাঙ্গা প্রেসক্লাবে উপস্থিত হয়ে এ সংবাদ সম্মেলন করেন।

লিখিত সংবাদ সম্মেলনে সার্ভেয়ার মোর্শেদুর নাহার নিশি বলেন, আমি একজন স্বামী পরিত্যক্তা নারী। গত তিন বছর আগে আলমডাঙ্গা পৌরসভায় নিয়মতান্ত্রিক ভাবে সরকারি আইনুযায়ী সার্ভেয়ার পদে নিয়োগ পায়। সার্ভেয়ার পদে চাকুরী পেলেও পৌর কতৃপক্ষ নির্ধারিত কাজ না দিয়ে অফিসে বসিয়ে রেখেছেন। সম্প্রতি আমার বিরুদ্ধে জাল সনদে চাকুরী পাওয়ার যে অভিযোগ করা হয়েছে সেটি মোটেও সঠিক নয়। আমি আলমডাঙ্গা সরকারি কলেজ থেকে এইচএসসি পাশ করে চুয়াডাঙ্গা সরকারি কলেজে থেকে অনার্স শেষ করেছেন। তিনি বগুড়ার সিট ফাউন্ডেশন থেকে ২ বছর আমিন সিট কোর্স সম্পূর্ণ করে সনদ লাভ করেছে। যা সকল কাগজপত্র পৌরকতৃপক্ষ ও আমার কাছে সংরক্ষিত আছে। কেউ দেখতে চাইলে আমি দেখাতে প্রস্তুত আছি। এছাড়া আমার নামে ঘুষ নেবার যে অভিযোগ তোলা হচ্ছে সেটাও সঠিক নয়। যেহেতু আমার নিয়োগ অনুযায়ী সার্ভেয়ার কাজ দেওয়া হয়নি। সেকারণে ঘুষ নেবার সুযোগ নেই। এছাড়া আমার মা বেবী খাতুনের বিরুদ্ধে অফিস না করে বছরের পর বছর বাড়িতে বসে বেতন তোলেন বলে যে অভিযোগ করা হয়েছে তা সম্পূর্ণ মিথ্যে। আমাকে একের পর এক মিথ্যে অভিযোগ তুলে যেভাবে হয়রানী করা হচ্ছে, আমি একজন স্বামী পরিত্যক্তা অসহায় নারী হিসেবে সংবাদ সম্মেলনের মাধ্যমে সচেতন নাগরিক ও সংশ্লিষ্ট কতৃপক্ষের নিকট সুষ্ঠু বিচারের দাবি জানাচ্ছি।